রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ৪৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২০, ২০১৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৮১—৬৯৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬১৫—১৬৬৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯৩—২০০ |
| ৪র্থ খণ্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৮৭—২১২০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৭ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ জুলাই ২০১৪

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০১.২০০৮-৩৩৪**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ৯(৩) (ডি) ধারার বিধান অনুযায়ী অর্থ বিভাগের সাবেক সিনিয়র সচিব জনাব ফজলে কবির, এনডিসি এর স্থলে জনাব মাহবুব আহমেদ, সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসাবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**সংশোধনী প্রজ্ঞাপন**

তারিখ, ৬ আগস্ট ২০১৪

**নং ১(২৬)শুঃভঃপ্রঃ-৩/২০১৪/৩৯৬**—কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা এর সহকারী রাজস্ব কর্মকর্তা, জনাব বুদ্ধ দেব সাহা এর জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ১(২৬)শুঃভঃপ্রঃ-৩/২০১১/১৮৭, তারিখ ০৩-০৪-২০১৪ মূলে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হয়। উক্ত স্মারকের ২নং অনুচ্ছেদে "তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা থাকায় "গণ কর্মচারী অবসর গ্রহণ আইন-১৯৭৪ এর ধারা ১০ অনুসারে "মামলা নিস্পত্তি না হওয়া পর্যন্ত তিনি পেনশনের আর্থিক কোন সুবিধা পাবেন না" শর্ত আরোপ করা হয়।

২। জাতীয় রাজস্ব বোর্ড জনাব বুদ্ধ দেব সাহাকে বর্ণিত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করায় উপরোক্ত প্রজ্ঞাপনের ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তটি এতদ্বারা বাতিল করা হলো।

**মোঃ আবদুল হাই**
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৩)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

## আইন ও বিচার বিভাগ

## বিচার শাখা-৬

## আদেশাবলী

তারিখ, ৭ আগস্ট ২০১৪

**নং আর-৬/৭এন-২৯/২০১৪-১১৬৯**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সনের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ জহির উদ্দিন, পিতা মরহুম মোহাম্মদ মোজাম্মেল হককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১০ আগস্ট ২০১৪

**নং আর-৬/৭এন-১৮/২০১৪-১১৮০**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সনের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব বিমল চন্দ্র সমদ্দার, পিতা স্বর্গীয় বিনোদ লাল সমদ্দারকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৩৩/২০১৪-১১৮৩**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ গোলাম সরোয়ার, পিতা মরহুম ইমান আলী বিশ্বাসকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১৪/২০১৪-১১৮৬**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ নাহারুল ইসলাম, পিতা মোঃ দবির উদ্দিন বিশ্বাসকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

## বিচার শাখা-৭

## আদেশাবলী

তারিখ, ১৪ জুলাই ২০১৪

**নং বিচার-৭/২এন-০৮/২০১৪-৩৭৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব কাজী হাফেজ মোঃ নাজেম, পিতা কাজী হাফেজ মোঃ নজির আহম্মদ, মাতা মৃত আচমতের নেছা, ঠিকানা-৩০২/০৪, কাপ্তান বাজার (জান নগর), ডাকঘর কুমিল্লা-৩৫০০, উপজেলা আদর্শ সদর, জেলা কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা সিটি কর্পোরেশনের ৪নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১৩৩/৭৬-৩৭৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ জিয়াউল হক, পিতা মৃত ওবায়দুল হক, গ্রাম শোলগাতিয়া, ডাকঘর রুদাঘড়া, উপজেলা ডুমুরিয়া, জেলা খুলনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ৩নং রুদাঘড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৮ শ্রাবণ ১৪২১/২৩ জুলাই ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০৩০.১৪-৪৩০**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০১৪-২০১৫ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে নিম্নরূপভাবে **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'** গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) বেগম তারানা হালিম, মাননীয় সংসদ সদস্য, মহিলা আসন-১৬।

(৩) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

(৫) জনাব মানজারেহাসীন মুরাদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব।

(৬) বেগম সুবর্ণা মুস্তফা, চলচ্চিত্র অভিনেত্রী।

(৭) মিজ সামিয়া জামান, সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতা।

(৮) বেগম শামীম আক্তার, চলচ্চিত্র নির্মাতা।

**সদস্য-সচিব**

(৯) অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**২। কমিটির কার্যপরিধি ঃ**

(ক) ২০১৪-২০১৫ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি' এর সুপারিশ পর্যালোচনা করবে;

(খ) সুপারিশ পর্যালোচনান্তে সরকার কর্তৃক প্রণীত **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নিয়মাবলী-২০১২'** এর আলোকে অনুদান প্রদানের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

**নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০৩০.১৪-৪৩১**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০১৪-২০১৫ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্যাকেজ প্রস্তাবসমূহ পরীক্ষা করে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপভাবে **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি'** গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) জনাব রেজানুর রহমান, সাংবাদিক ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাতা।

(৩) জনাব জাহিদুর রহিম অঞ্জন, চলচ্চিত্র নির্মাতা।

(৪) মিজ শাহনেওয়াজ কাকলী, চলচ্চিত্র পরিচালক।

**সদস্য-সচিব**

(৪) যুগ্ম-সচিব/উপ-সচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**২। কমিটির কার্যপরিধি ঃ**

(ক) অনুদান প্রদানের জন্য সরকার কর্তৃক প্রণীত 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নিয়মাবলী-২০১২' এর ভিত্তিতে কমিটি প্রাপ্ত প্রস্তাবসমূহ বাছাই করবে;

(খ) কমিটি প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করে গুণগতমানের ভিত্তিতে অনুদান প্রদানের জন্য মেধাক্রমানুসারে তালিকা প্রস্তুত করে চিত্রনাট্যের মূলকপিসহ একটি প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ের সচিব বরাবর দাখিল করবে;

(গ) কমিটি প্রথম সভা অনুষ্ঠানের তারিখ থেকে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সরকারের নিকট সুপারিশ প্রদান করবে;

(ঘ) সদস্য-সচিব কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রবিউল ইসলাম**
উপসচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

### উন্নয়ন-৭ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৯ ভাদ্র ১৪২১/২৪ আগস্ট ২০১৪

**নং শাখা ৭/বিবিধ-২/২০০৭(খন্ড-১)/১০৭৬**—রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ৫(৫) উপ-ধারা এবং রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৮নং বিধি অনুযায়ী কুয়াকাটা পৌর এলাকাসহ লতাচাপলি, গঙ্গামতি, কাউয়ারচর ও চরচাপলি মৌজাভুক্ত এলাকার রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানের 'নিবন্ধন আবেদন প্রক্রিয়াকরণ' 'নিবন্ধন সনদ', 'নিবন্ধন সনদ নবায়ন প্রক্রিয়াকরণ', এবং 'নিবন্ধন সনদ নবায়ন' ফি সমূহ নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো।

| ক্রম | বিষয় | নির্ধারিত ফি |
|---|---|---|
| (১) | নিবন্ধন আবেদন প্রক্রিয়াকরণ ফি | ২,০০০/- |
| (২) | নিবন্ধন সনদ ফি | ৫০,০০০/- |
| (৩) | নিবন্ধন সনদ নবায়ন প্রক্রিয়াকরণ ফি | ২,০০০/- |
| (৪) | নিবন্ধন সনদ নবায়ন ফি | ২৫,০০০/- |

২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত এ সকল ফি সময়ে সময়ে পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করা যাবে।

৩। নির্ধারিত ফি প্রজ্ঞাপন জারীর তারিখ হতে কার্যকর হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সায়লা ফারজানা**
উপসচিব।

---

## নৌ-পরিবহন মন্ত্রণালয়

### প্রশাসন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ ২০ আগস্ট ২০১৪

**নং ১৮.০১১.০২৬.০০.০০.০০৯.২০১৩-১৭০৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৫৮.০১৫.০৩.০০.০৫৩.২০১০-৮০ তাং ২৭-০৩-২০১৪, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং ০৭.১৫৭.০২৬. ০৫.০০.১১.২০০০-১০৯, তারিখ ০৯-০৬-২০১৪ সম্মতিক্রমে এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে মন্ত্রণালয়ের প্রশাসনিক কাজে ব্যবহারের জন্য নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সংগঠন ও সরঞ্জাম তালিকায় (Table of organisation and equipment) একটি মাইক্রোবাস অন্তর্ভুক্ত করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবেদ আলী**
সিনিয়র সহকারী সচিব (প্রশা-১)।

---

## পরিকল্পনা মন্ত্রণালয়

### পরিকল্পনা বিভাগ

### পিটি শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৫ ভাদ্র ১৪২১/২০ আগস্ট ২১০৪

**নং ২০.০০.০০০০.৩৩১.২৪.০০৭.১৩-২৬৯**—সার্ক সম্মেলনে গৃহীত চার্টার বাংলাদেশে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত জাতীয় সমন্বয় কমিটি গঠন করা হ'ল ঃ

**সভাপতি**

(১) সচিব, পরিকল্পনা বিভাগ

**কো-চেয়ারপারসন**

(২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন

**সদস্যবৃন্দ**

(৩) জাতীয় দারিদ্র ফোকাল পয়েন্ট, পরিকল্পনা কমিশন-এর ১ জন প্রতিনিধি।

(৪) চেয়ারম্যান, সেন্টার ফর ডেভেলপমেন্ট রিসার্চ, বাংলাদেশ।

(৫) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

(৬) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন

(৭) প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।

(৮) সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৯) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

(১০) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

(১১) মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

(১২) মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো

(১৩) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

(১৪) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

(১৫) মহাপরিচালক, বিআইডিএস

(১৬) সংশ্লিষ্ট যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(১৭) সংশ্লিষ্ট যুগ্ম-সচিব, অর্থ বিভাগ

(১৮) সংশ্লিষ্ট যুগ্ম-সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(১৯) সংশ্লিষ্ট যুগ্ম-সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(২০) যুগ্ম-সচিব, পরিকল্পনা বিভাগ

(২১) বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্টস-এর ১ জন প্রতিনিধি।

(২২) সংশ্লিষ্ট উপ-ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণ ব্যাংক

(২৩) পরিচালক (কর্মসূচী) ব্র্যাক

(২৪) চেয়ারম্যান, ওমেন ফর ওমেনঃ রিসার্চ এন্ড স্ট্যাডি গ্রুপ।

(২৫) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর ১ জন প্রতিনিধি।

(২৬) পরিচালক (সার্ক), পররাষ্ট্র মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(২৭) উপ-প্রধান (সমন্বয়), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।

২। উপরোল্লিখিত কমিটি সার্ক সম্মেলনে গৃহীত সোশাল চার্টার বাংলাদেশে বাস্তবায়নের জন্য একটি সমন্বিত কর্ম-কৌশল প্রণয়নসহ এতদ্‌সংক্রান্ত যাবতীয় কর্মকান্ডের বাস্তবায়ন তদারকি এবং প্রয়োজনীয় পরামর্শ এবং দিক নির্দেশনা প্রদান করবে।

৩। ১৩-০৭-২০০৪ তারিখের পিডি/পিটি-৩৫/এসএসআরসি (সংশোধিত)/২০০২/৩৭৭ নং স্মারকযুক্ত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হল।

৪। এই নির্দেশ জনস্বার্থে জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বেবী পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়
## সংস্থা প্রশাসন (পাট-১) শাখা
### প্রজ্ঞাপন

তারিখ, ২৭ জুলাই ২০১৪

**নং ২৪.০০.০০০০.১১৮.১৮.০০২.২০১২-২৬২**—মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৪৯৮৫/৯৭ ও আপীল বিভাগে পিটিশন ফর লিভ টু আপীল নং-৫১৩/২০০০ এর রায় এবং কনটেম্পট পিটিশন নং-২৯৮/১২ এর আদেশের প্রেক্ষিতে শিল্প প্রতিষ্ঠান লিঃ এর অনুকূলে আলীম জুট মিলস লিঃ, খুলনা এর ব্যবস্থাপনা হস্তান্তরের লক্ষ্যে বি-রাষ্ট্রীয়করণ সংক্রান্ত ২৭-০৯-৮২ তারিখে জারীকৃত নোটিফিকেশন নং- জেডি/আইসি/টিজেএম-১/৮২ এর ৮নং অনুচ্ছেদ এ বিধান অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে এন্টারপ্রাইজ বোর্ড গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) পরিচালক(গমানি), বিজেএমসি, ঢাকা

**পরিচালকবৃন্দ**

(২) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)।

(৩) অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)

(৪) সোনালী ব্যাংকের প্রতিনিধি(উপ-মহাব্যবস্থাপক এর নীচে নহে)।

(৫) লিয়াজোঁ কর্মকর্তা, বিজেএমসি, খুলনা অঞ্চল, খুলনা।

(৬) প্রকল্প প্রধান, আলীম জুট মিলস লিঃ

(৭) শিল্প প্রতিষ্ঠান লিঃ এর প্রতিনিধি (২ জন)

২। বস্ত্র ও পাট মন্ত্রণালয় গত ০৭-০৭-২০১০ তারিখে বপাম/পাট-২/বিজেএমসি/বিবিধ-১৮/২০০৫/২০১ নং প্রজ্ঞাপনে গঠিত এন্টারপ্রাইজ বোর্ড বাতিলক্রমে ১৯৭২ সনের রাষ্ট্রপতির আদেশ নং-২৭ এর অনুচ্ছেদ ৫ এ (বি) এবং বাংলাদেশ পাটকল (এন্টারপ্রাইজ বোর্ড) প্রবিধি ১৯৭৭ এর ৪নং প্রবিধি মোতাবেক নিম্নেবর্ণিত কার্যপরিধি অনুযায়ী দায়িত্ব পালনের জন্য প্রস্তাবিত এন্টারপ্রাইজ বোর্ড গঠন করা হলো ঃ

**কার্যপরিধি**

(ক) প্রবিধি অনুযায়ী কোম্পানী পরিচালনা এবং ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম সম্পাদন।

(খ) মিলের সম্পদ এবং দায়- দেনা নির্ধারণ ও তা নিষ্পত্তিকরণ।

(গ) কোম্পানীর ব্যবস্থাপনা নির্বাচিত বোর্ড অব ডাইরেক্টরস এর নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ।

(ঘ) সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যক্রম গ্রহণ।

**নীলরতন সরকার**
সিনিয়র সহকারী সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২
### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৩০ শ্রাবণ ১৪২১/১৪ আগস্ট ২০১৪

**নং ৩১-০৩৬.০৩৩.০০.০০.১৫৫.২০১০-১৮৩**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | উজানটেঁইয়া | ১০ | পেকুয়া | কক্সবাজার |

তারিখ, ৬ আষাঢ় ১৪২১/২১ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৪.১৪-১৯০**—১৯৯৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর

১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | চতর | ২২ | বোয়ালমারী | ফরিদপুর |
| (২) | কোন্দারদিয়া | ৬৫ | বোয়ালমারী | ফরিদপুর |
| (৩) | শেখপুরা | ১৪২ | বোয়ালমারী | ফরিদপুর |
| (৪) | আউশের হাট | ২১ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| (৫) | শুকুরহাটা | ৬৬ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| (৬) | পাড়াগ্রাম | ৩৮ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| (৭) | মশাউজান | ১৩৫ | নগরকান্দা | ফরিদপুর |
| (৮) | সানপুকুরিয়া | ৫৩ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| (৯) | নকডিয়ারচর | ১২০ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| (১০) | চর সোনাকুর | ১০৮ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| (১১) | বোয়ালিয়া | ১৫ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| (১২) | ডুমদিয়া | ৩৪ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| (১৩) | মামুদপুর | ১১২ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১৪) | বাইরপাড়া | ৫২ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১৫) | রামদিয়া | ১০৬ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১৬) | হাইসুর | ১২০ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১৭) | জগতপট্টি | ১৩০ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১৮) | কানুর গাঁও | ১২৮ | কালকিনি | মাদারীপুর |
| (১৯) | জাগীর বাগলী | ১৪০ | পাংশা | রাজবাড়ী |
| (২০) | কুষ্টিয়া | ৩১৩ | পাংশা | রাজবাড়ী |
| (২১) | দামুকদিয়া | ৩৪৩ | পাংশা | রাজবাড়ী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।

---

**অধিগ্রহণ অধিশাখা-১**

**এল, এ, কেস নং-৩০/৭৭-৭৮**

**ফরম-ঘ**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২০ শ্রাবণ ১৪২১/৪ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৫৮.১৪-২৫৫**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এবং ৩ ধারা মোতাবেক ১২-৬-৭৯ তারিখে আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহনের আওতাধীন রহিয়াছে;

এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল।

**তফসিল**

মৌজা শহর ঢাকা, জে,এল, নং-৩৪৩, সিট নং-৭, ওয়ার্ড নং-৭, থানা লালবাগ, জেলা ঢাকা।

সি,এস, দাগ নং ১৩৫ (পশ্চিম অংশ), জমির পরিমাণ (কমবেশী) ০.০৪৪৮ একর মাত্র।

জমির নক্সা ঢাকা কালেক্টরেট এর ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

---

**এল, এ, কেস নং-৩৮/৬৬-৬৭**

**ফরম-ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৪ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৫৮.১৪-২৫৫**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এবং ৩ ধারা মোতাবেক ০৮-০৪-৬৭ তারিখে আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে'ন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা শৈলপুর, জে,এল, নং-১৯৩, থানা তেজগাঁও, জেলা ঢাকা।

| ক্রমিক নং | সি,এস খতিয়ান | সিএস দাগ | অধিগৃহীত ভূমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| (১) | ২৬ | ৪৭ অংশ | ০.২৫ |
| (২) | ২৬ | ৪৮ ,, | ০.২৫ |
| (৩) | ২৬ | ৮৩ ,, | ০.৪৫ |

মোট ভূমির পরিমাণ=০.৯৫ একর (কম/ বেশী)।

ভূমির নক্সা জেলা প্রশাসক, ঢাকার কার্যালয় ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল. এ. কেস নং-০৮/৭৬-৭৭**

**ফরম-ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২০ শ্রাবণ ১৪২১/৪ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৫২.১৪-২৫৬**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৮-০৬-১৯৭৭ খ্রিঃ তারিখে আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইলঃ

**তফসিল**

মৌজা রামভদ্রপুর, জে.এল. নং ৯৬, উপজেলা মুক্তাগাছা, জেলা ময়মনসিংহ।

| সি.এস.দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৪৩৪ (পূর্ণ) | ০.০৬ |
| ৪৩৫ ,, | ০.২৭ |
| ৪৩৬ (অংশ) | ০.৬৭ |
| | মোট=১.০০ একর |

ইহা মুক্তাগাছা উপজেলায় কৃষি উপ-কেন্দ্র স্থাপনের জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এ আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল. এ. কেস নং ১৭/৭৫-৭৬**

**"ঘ-ফরম"**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২০ শ্রাবণ ১৪২১/৪ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৫০.১৪-২৫৭**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৫-৭-৭৬ ইং তারিখে আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে ;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে ;

এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫০ উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন ;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা জানানো যাইতেছে যে নিম্ন তফসিল বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল।

**তফসিল**

জেলা নাটোর,থানা গুরুদাসপুর, মৌজা জ্ঞানদানগর, জে, এল নং-১৫০।

সি এস দাগ নং-পূর্ণ ৭৩৬

আংশিক ৭৩৭, ৭৩৮, ৭৩৯, ৭৪০, ৭৪১, ৭৪২ এবং ৭৪৩।

অধিগ্রহণকৃত সর্বমোট জমির পরিমাণ ঃ ১.৬৯ একর (কম বা বেশী)

জমির নক্সা ভূমি হুকুম দখল অফিস, নাটোরে দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল. এ. কেস নং ৩৪/৬২-৬৩**

**"ঘ-ফরম"**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৮-১১-৬২ ইং তারিখে আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে।

এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা জানানো যাইতেছে যে নিম্ন তফসিল বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল।

**তফসিল**

জেলা নাটোর, থানা বড়াইগ্রাম, মৌজা লক্ষীকোল, জে, এল নং-১১৩।

সি, এস দাগ নং-১৪৪।

অধিগ্রহণকৃত সর্বমোট জমির পরিমাণ ০.০৮ একর (কম বা বেশী)

জমির নক্সা ভূমি হুকুম দখল অফিস, নাটোরে দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল. এ. কেস নং ১৫৩(বি)৭৭-৭৮**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ, ৪ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৪৩.১৪-১৮৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০২-০২-১৯৮০ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-ঝালকাঠি, উপজেলা-নলছিটি, মৌজা-২২ নং প্রমহর।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪১ | ১৩৭৫ | আংশিক | ০ | ০৯ |
| ৩৮,১২১,৪৯৪ | ১৩৭৬ | ,, | ০ | ০২ |
| ৩৮,১২১,৪৯৪ | ১৩৭৭ | ,, | ০ | ০২ |
| ৩৮,১২১,৪৯৪ | ১৩৭৮ | ,, | ০ | ০১ |
| ৪৯৪ | ১৩৮০ | ,, | ০ | ০৫ |
| ৩৮ | ১৩৮১ | ,, | ০ | ০১ |
| ৩৮ | ১৩৮৩ | ,, | ০ | ০৩ |
| ১২ | ১৩৮৫ | ,, | ০ | ০৫ |
| ৩৮৪,৩৮৬ | ১৩৮৬ | ,, | ০ | ০৫ |
| ৭ | ১৩৮৭ | ,, | ০ | ০১ |
| ৪০,১৭৮,১৮০,৪৮২ | ১৩৮৮ | ,, | ০ | ০৩ |
| ৪৩,৪৯৭,৪৯৮ | ১৩৯৪ | ,, | ০ | ০৬ |
| ৪৯৭,৪৯৮,৪৯৯ | ১৩৯৫ | ,, | ০ | ০৭ |
| ৪৩,৪৯৭,৪৯৮,৪৯৯ | ১৩৯৬ | পূর্ণ | ০ | ০৮ |
| ৫৮২ | ১৩৯৯ | আংশিক | ০ | ০৫ |
| ৫৮২ | ১৪০০ | ,, | ০ | ০৪ |
| ৪৪৪,৪৪৬ | ১৪১৭ | ,, | ০ | ০৬ |
| ১২৯,১৩০ | ১৪১৮ | ,, | ০ | ০৩ |
| ১২৯,১৩০ | ১৪১৯ | ,, | ০ | ০৩ |
| ৪৪৪,৪৪৬ | ১৪২০ | ,, | ০ | ০৩ |
| ১২৯,১৩০ | ১৪২১ | ,, | ০ | ০২ |
| ১২৯,১৩০ | ১৪২২ | ,, | ০ | ০২ |
| ২৫২ | ১৪২৪ | ,, | ০ | ০৮ |
| ৩৬৭ | ১৪২৫ | ,, | ০ | ০৩ |
| | সর্বমোট জমির পরিমাণ = ০.৯৭একর | | | |

জমির নক্সা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**এল.এ. কেস নং ৬৪(বি)৭৮-৭৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ, ৫ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৯৬.১৪-১৮৮**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০১-০৭-১৯৮০ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-ঝালকাঠি, উপজেলা-নলছিটি, মৌজা-৫২ নং দক্ষিণ মানপাশা।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | অধিগ্রহণ জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৭৯ | ৭৪৬ | আংশিক | ০ | ০২ |
| ২৭৭,২৭৮ | ৭৪৭ | ,, | ০ | ০৮ |
| ২৭৭,২৭৮ | ৭৪৮ | ,, | ০ | ০২ |
| সর্ব মোট জমির পরিমাণ = ০.১২একর | | | | |

জমির নক্সা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**এল. এ. কেস নং ৮১(বি)/৭৮-৭৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ, ৫ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৯৫.১৪-১৮৯**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৮-১০-১৯৮০ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-ঝালকাঠি, উপজেলা-নলছিটি, মৌজা-৩৪ নং দ্বারিয়াপুর।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | অধিগ্রহণ জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫৩,৬২,১২৭ | ১৫৭ | আংশিক | ০ | ০৩ |
| ১০৪ | ১৫৮ | ,, | ০ | ০৮ |
| ৭৭ | ১২৫ | ,, | ০ | ০২ |
| সর্বমোট জমির পরিমাণ = ০.১৩ একর | | | | |

জমির নক্সা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**এল. এ. কেস নং-৪৪(বি)/৭৮-৭৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ, ৫ আগস্ট ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৯৭.১৪-১৯০**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১০-০২-১৯৭৯ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-ঝালকাঠি, উপজেলা-নলছিটি, মৌজা-১১৬ ওস্তাখান।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | অধিগ্রহণ জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ৪১,৪২ | ৩১৯ | আংশিক | ০ | ২৮ |
| ৩৭,৪১,৪২ | ৩২০ | ,, | ০ | ১০ |
| | সর্বমোট জমির পরিমাণ = ০.৩৮একর | | | |

জমির নক্সা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ জুলাই ২০১৪

**নং মশিবিম/শা-সেল/তহবিল-৫/২০০৯-১৯৬**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালার অনুচ্ছেদ ৪ অনুযায়ী অত্র মন্ত্রণালয়ের স্মারক নং-মশিবিম/শা-সেল/তহবিল-৫/২০০৯-২৬২ তারিখ ঃ ২৪-০৫-২০১২ এর মাধ্যমে গঠিত বোর্ড অব ট্রাস্টি নিম্নে বর্ণিত কর্মকর্তা/ ব্যক্তিগণের সমন্বয়ে পুনর্গঠন করা হলো ঃ

**সভাপতি**

১। মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

**সহ-সভাপতি**

২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

৩। যুগ্ম-সচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৪। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা।

৫। অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)

৬। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)।

৭। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)।

৮। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)।

৯। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)।

১০। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)।

১১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

১২। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।

১৩। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।

১৪। বেগম রোকেয়া কবীর, নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী প্রগতি সংঘ, কল্পনা সুন্দর, বাড়ী নং-১৩/১৪, বাবর রোড (২য় তলা), ব্লক-বি, মোহাম্মদপুর হাউজিং স্টেট, ঢাকা-১২০৭।

১৫। জনাব মাহাবুবুল হক, নির্বাহী পরিচালক, ভিলেজ ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট এসোসিয়েশন, কলেজপাড়া, পোঃ আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা-৭২১০।

১৬। বেগম সেলিনা খালেক, বাংলাদেশ মহিলা সমিতি, ৪নং নাটক সরণী, নিউ বেইলী রোড, ঢাকা।

১৭। অধ্যাপক মাহফুজা খানম, চেয়ারপারসন, কেন্দ্রীয় খেলাঘর আসর, ২/২, বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকা।

১৮। বেগম ওয়াহিদা বানু, নির্বাহী পরিচালক, অপরাজেয় বাংলাদেশ, ১৪/৩/এ, স্বরনালী গার্ডেন, বাইশটেকি, মিরপুর-১৩, ঢাকা-১২১৬।

১৯। জনাব আব্দুল মতিন ভূঁইয়া, সেক্রেটারী, কেন্দ্রীয় খেলাঘর আসর, ৭৯ কাকরাইল (৩য় তলা), ঢাকা-১০০০।

**সদস্য-সচিব**

২০। উপ-সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লোকমান আহাম্মদ**
সিনিয়র সহকারী সচিব (সেল)।

---

**রেলপথ মন্ত্রণালয়**

**প্রশাসন-৩ (শৃঙ্খলা) শাখা।**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ আগস্ট ২০১৪/২৭ শ্রাবণ ১৪২১

**নং ৫৪.০০.০০০০.০০৭.২৭.০৯৩.১২**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ শফিউল আনাম, প্রাক্তন সিনিয়র প্লানিং অফিসার-৩, বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ট্রেনিং একাডেমী, হালিশহর, চট্টগ্রাম উক্ত পদে চাকুরীরত অবস্থায় উচ্চ শিক্ষার্থে অষ্ট্রেলিয়ায় গমন করেন। আপনার শিক্ষা ছুটির অনুমোদিত বর্ধিত সময়সীমা ছিল ৩১-১২-২০১১ পর্যন্ত। কিন্তু মঞ্জুরীকৃত সময়সীমা শেষ হওয়ার পূর্বেই আপনি ০১-১১-২০১১ তারিখে মহাপরিচালক বরাবর যোগদান পত্র দাখিল করলে, সে আলোকে আপনাকে ১৩-১১-২০১১ তারিখে সিনিয়র ট্রেনিং অফিসার/মেকানিক্যাল, রেলওয়ে ট্রেনিং একাডেমী, হালিশহর, চট্টগ্রাম এর শূন্য পদের বিপরীতে চলতি দায়িত্বে পদায়ন আদেশ জারী করা হয়। উক্ত আদেশের কপি আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হলে "প্রাপক বর্তমানে বাংলাদেশের বাইরে থাকেন" উল্লেখপূর্বক ডাকবিভাগ হতে বিনা জারীতে ফেরত আসে। আপনি আপনার অনুমোদিত ছুটি ৩১-১২-২০১১ তারিখে শেষ হওয়ার পর এবং ০১-১১-২০১১ তারিখে যোগদান পত্র দাখিলের পর থেকে অদ্যাবধি আপনার নিজ কর্মে যোগদান করেননি কিংবা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ না করে ০১-০১-২০১২ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে নিজ কর্মে অনুপস্থিত রয়েছেন।

২। যেহেতু, আপনি জনাব মোহাম্মদ শফিউল আনাম, প্রাক্তন সিনিয়র প্লানিং অফিার-৩, বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ট্রেনিং একাডেমী, হালিশহর, চট্টগ্রাম এর এহেন আচরণ কর্তৃপক্ষের আদেশ অবজ্ঞাকরণ ও কর্তব্যে চরম অবহেলার সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(সি) বিধি মোতাবেক কর্তৃপক্ষের বিনানুমতিতে নিজ কর্মে অনুপস্থিত থাকা এবং 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে আপনাকে এ বিভাগের ২৮-০৬-২০১২ তারিখের ১৭০৯ নং স্মারকমূলে অভিযোগনামা জারীপূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়, যা আপনার স্থায়ী এবং সর্বশেষ জ্ঞাত ঠিকানায় প্রেরণ করা হয়।

৩। যেহেতু, আপনি জনাব মোহাম্মদ শফিউল আনাম, প্রাক্তন সিনিয়র প্লানিং অফিসার-৩, বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ট্রেনিং একাডেমী, হালিশহর, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব মোঃ মিয়াজাহান যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে-কে গত ১১-০৯-২০১২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ০১-০১-২০১২ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেছেন।

৪। যেহেতু, আপনি জনাব মোহাম্মদ শফিউল আনাম, প্রাক্তন সিনিয়র প্লানিং অফিসার-৩, বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ট্রেনিং একাডেমী, হালিশহর, চট্টগ্রাম ২ নং অনুচ্ছেদে বর্ণিত উক্ত কারণ দর্শানোর নোটিশের কোনরূপ জবাব প্রদান না করায় এবং তদন্ত কর্মকর্তার তদন্তে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৫) এবং ৭(৬) বিধি মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণপূর্বক কেন চাকুরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য গত ১৭-০১-২০১৩ তারিখে ৪৫ নং স্মারকমূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়, যা গত ২৯-০৫-২০১৩ তারিখ "দৈনিক যুগান্তর" ও "The Daily Star" পত্রিকায় প্রকাশিত হয়। তথাপি আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নিজকর্মে অনুপস্থিত রয়েছেন।

৫। যেহেতু, আপনি জনাব মোহাম্মদ শফিউল আনাম, প্রাক্তন সিনিয়র প্লানিং অফিসার-৩, বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে রেলওয়ে ট্রেনিং একাডেমী, হালিশহর, চট্টগ্রাম এর নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনমূলক কোন জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি অনুযায়ী আপনাকে চাকুরি হতে বরখাস্ত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ০২-০৩-২০১৪ তারিখের ২৫ নং স্মারকে একই বিধিমালার ৭(৭) বিধি মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ/মতামত চাওয়া হলে আপনাকে "চাকুরি হতে বরখাস্তকরণ" শাস্তি আরোপের এ মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে সরকারি কর্ম কমিশন বিগত ২৩-০৪-২০১৪ তারিখের ১৭৫ নং স্মারকে একমত পোষণ করা হয়।

৬। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত পাওয়ার পর আপনি জনাব মোহাম্মদ শফিউল আনাম-কে "চাকুরী হতে বরখাস্তকরণ" এর প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনের জন্য পেশ করা হলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক তা অনুমোদিত হয়।

৭। এক্ষণে, সেহেতু, আপনি জনাব মোহাম্মদ শফিউল আনাম, প্রাক্তন সিনিয়র প্লানিং অফিসার-৩, বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ট্রেনিং একাডেমী, হালিশহর, চট্টগ্রাম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(সি) বিধি অনুযায়ী কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিনানুমতিতে নিজ কর্মে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-০১-২০১২ তারিখ থেকে "চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল কালাম আজাদ**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ শ্রাবণ ১৪২১/৪ আগস্ট ২০১৪

**নং শিম/শাঃ৭/বিভাগীয় মামলা-৪১/২০০৪/২৮৪**—যেহেতু বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব তৃপ্তিময় গুহ খাসনবীশ, প্রভাষক (ইংরেজি), টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী-এর

বিরুদ্ধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে বিভাগীয় মামলার প্রক্রিয়া শেষে জনপ্রশাসন মন্ত্রণালয় ও মহামান্য রাষ্ট্রপতির সম্মতিক্রমে তাঁর শিক্ষনবিস চাকুরিকাল সন্তোষজনক ছিল না বিধায় চাকুরির অযোগ্য বিবেচনা করে তাঁকে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর ৬(২) (এ) বিধিমতে সরকারি চাকুরি থেকে ছাঁটাই করা হয়। উক্ত ছাঁটাইয়ের আদেশের বিরুদ্ধে তিনি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়াতে ৯১/২০০৬ নং এ.টি মামলা দায়ের করেন এবং তাঁর পক্ষে আদেশ হয়। সরকার পক্ষ উক্ত আদেশের বিরুদ্ধে ১৩৩/২০১১ নং এ টি (আপিল) দায়ের করে। আপিল মামলায় সরকারের বিপক্ষে রায় হয়;

যেহেতু, পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে লিভ-টু আপিল দায়েরের জন্য ৩০-০১-২০১৩ তারিখে সলিসিটর উইং-এ পত্র প্রেরণ করা হয়। কিন্তু সলিসিটর উইং থেকে আপিল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করে। এ বিষয়ে মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা ও মাউশি অধিদপ্তরের আইন উপদেষ্টা আপিল ট্রাইব্যুনালের রায় বাস্তবায়ন করে বাদীকে চাকুরিতে পুনর্বহালসহ ০৩-০৭-২০০১ তারিখ হতে চাকুরিতে পুনর্বহালের তারিখ পর্যন্ত সময় বিনা বেতনে বিশেষ ছুটি হিসেবে গণ্য করার মতামত প্রদান করেন;

সেহেতু, ১৩৩/২০১১ নং এটি আপিল মামলার রায় অনুযায়ি জনাব তৃপ্তিময় গুহ খাসনবীশকে চাকুরিতে পুনর্বহাল করে তাঁকে ০৩-০৭-২০০১ তারিখ হতে পুনর্বহালের তারিখ পর্যন্ত সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ সাদিক**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ৩০ শ্রাবণ ১৪২১/১৪ আগস্ট ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৫.২০১৩-৬৩৭**—যেহেতু ডাঃ মোঃ আজিজুল হাসান খোন্দকার (১১৪১৪৭), জুনিয়র কনসালটেন্ট (চঃ দাঃ), মেডিসিন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদমদীঘি, বগুড়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ২৬-০২-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৫.২০১৩-২১৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ আজিজুল হাসান খোন্দকার (১১৪১৪৭), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), মেডিসিন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদমদীঘি, বগুড়াকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০৪-২০১২ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**চিশি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ আগস্ট ২০১৪

**নং স্বাপকম/চিশি-২/বিবিধ-৪৩/২০১৪/৫৭৬**—বাংলাদেশের চিকিৎসা শিক্ষা সম্প্রসারণ ও উন্নত চিকিৎসা সেবা নিশ্চিতকল্পে জনসংখ্যার চাহিদার অনুপাতে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক, নার্স, মেডিকেল এ্যাসিস্ট্যান্ট, হেলথ টেকনিশিয়ান তৈরীর নিমিত্ত ভবিষ্যতে কত সংখ্যক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন প্রয়োজন তা নির্ধারণের নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ

**আহবায়ক**

(১) অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিশি), স্বাপকম

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
(৩) পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য অধিদপ্তর
(৪) অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা
(৫) প্রোগ্রাম ম্যানেজার, এইচআরএম
(৬) রেজিস্ট্রার, বিএমডিসি
(৭) অধ্যক্ষ, বেসরকারী জহুরুল ইসলাম মেডিকেল কলেজ
(৮) রেজিস্ট্রার, বিএসএমএমইউ
(৯) মহাসচিব, বিএমএ
(১০) পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন
(১১) রেজিস্ট্রার, নার্সিং কাউন্সিল
(১২) সচিব, রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

**সদস্য-সচিব**

(১৩) সিনিয়র সহকারী সচিব, চিশি-২ শাখা, স্বাপকম

২। মনোনীত সদস্যগণ-কে উপরোক্ত বিষয়ে জরুরী ভিত্তিতে সচিব মহোদয় বরাবর একটি প্রতিবেদন পেশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মাহফুজা আকতার**
সিনিয়র সহকারী সচিব।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## আইন অধিশাখা-৩
## প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৪ জুলাই ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪-২২৮**—সিলেট জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-১৪, তারিখ ১৮-০৩-২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯(২)/১৩ ধারা জেলা ম্যাজিস্ট্রেট সিলেট মামলাটিতে ১। জুয়েল আহম্মেদ (২৩), পিতা-মৃত আব্দুল খালিক, সাং-উত্তর শ্রীধরা, থানা-বিয়ানীবাজার, জেলা-সিলেট ও ২। আতিক সররাজ @ হিমেল (২৩), পিতা-মোঃ মোজাম্মেল হক, মাতা-তাহেরাতুল কবির, সাং আমতলি ফতেহ আলী সিকদার পাড়া, ডাক-বড়হাতিয়া, থানা-লোহাগড়া, জেলা-চট্টগ্রাম, বর্তমানে-সোনালী আ/এ ধামালীপাগা, মুক্তার মিয়ার বিল্ডিং, থানা-জালালাবাদ, জেলা-সিলেট আসামিদ্বয়ের বিরুদ্ধে নিষিদ্ধ ঘোষিত সংগঠন 'হিজবুত তাহরীর'র পক্ষে প্রচারণার অংশ হিসাবে রাষ্ট্র ও সরকারের বিরুদ্ধে অপপ্রচার, দেশের সার্বভৌমত্বের বিরুদ্ধে কার্যকলাপের মাধ্যমে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) এর ৮/৯(২)/১৩ ধারার অপরাধ সংঘটনের অভিযোগ প্রাথমিকভাবে প্রতীয়মান হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

তারিখ, ৬ আগস্ট ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৩-২৩৭**—খুলনা জেলার পাইকগাছা থানার জিডি নং-১৭৫, তারিখ, ০৪-০৫-২০১৪ খ্রিঃ মূলে গত ০৩-০৫-২০১৪ খ্রিঃ তারিখে দিবাগত রাত্র অনুমান ২০.৫০ ঘটিকার সময় ফতেপুর এলাকায় জরুরী ডিউটি করাকালে টহলরত পুলিশ গোপন সংবাদ পায় যে, ফতেপুর গ্রামস্থ অভিযুক্ত সোয়েব আলী (৬০), পিতা-মৃতঃ কাওছার আলী সরদার, সাং-ফতেপুর, থানাঃ পাইকগাছা, জেলা খুলনা এর বাড়ীর সন্নিকটে জামে মসজিদের উত্তর পার্শ্বে জামায়াত নেতা-কর্মীগণ মহামান্য সুপ্রীম কোর্ট কর্তৃক যুদ্ধাপরাধী মাওলানা দেলোয়ার হোসেন সাঈদীর মামলার রায়কে বাধাগ্রস্ত করাসহ নির্বাচিত সরকারকে উৎখাত করার জন্য গোপন ষড়যন্ত্র করছে। এরূপ সংবাদের প্রেক্ষিতে এস, আই মোঃ আব্দুল খালেক হাওলাদার মোবাইল ফোনে ওসিসহ উর্দ্ধতন কর্তপক্ষকে অবহিত করে সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে হাজির হয়ে সোয়েব আলী-কে (৬০) গ্রেফতার করে ও অন্যান্য আসামিগণ পালিয়ে যায়। আসামীদের এহেন কার্যক্রম রাষ্ট্রের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহিতার সামীল যা পেনাল কোডের ১২০-খ এবং ১২৪-ক ধারার অপরাধ। বর্ণিত অবস্থায় উল্লিখিত অভিযুক্তগণের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০ এর ধারা ১২০-খ এবং ধারা ১২৪-ক তে রাষ্ট্রের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহীতার অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে অফিসার ইনচার্জ, পাইকগাছা থানা, জেলা-খুলনা'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ১৯৬এ ও ১৯৬ এর অধীন সরকারের মঞ্জুরী এতদ্‌দ্বারা নির্দেশক্রমে প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপসচিব।

## পরিকল্পনা শাখা-১
## প্রজ্ঞাপন

তারিখ, ১৯ আগস্ট ২০১৪

**নং পরি-১/KOICA-CID-৭৩/২০১১/৪৭৯**—KOICA-এর আর্থিক সহায়তায় বাংলাদেশ পুলিশের সিআইডি কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত "দি প্রজেক্ট ফর এনহ্যান্সিং সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ক্যাপাবিলিটি অব বাংলাদেশ পুলিশ" শীর্ষক প্রকল্পটি মনিটরিং এবং বাস্তবায়নে সৃষ্ট সমস্যার সমাধানের লক্ষ্যে নিম্নরূপভাবে Project Steering Committee (PSC) এবং Project Implementation Committee (PIC) গঠন করা হলো।

**Project Steering Committee (PSC) :**

**সভাপতি**

(১) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (আইন ও পরিঃ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৩) এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, সিআইডি
(৪) ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, সিআইডি
(৫) সুপারিন্টেনডেন্ট ইঞ্জিনিয়ার (উন্নয়ন),পিডব্লিউডি
(৬) প্রতিনিধি, প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন
(৭) প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
(৮) প্রতিনিধি, জেনারেল ইকোনোমিক ডিভিশন, পরিকল্পনা কমিশন
(৯) প্রতিনিধি, আইএমইডি, পরিকল্পনা কমিশন
(১০) প্রতিনিধি, ইআরডি (এশিয়া-২),
(১১) প্রতিনিধি, কোইকা, বাংলাদেশ অফিস
(১২) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্বরাষ্ট মন্ত্রণালয়
(১৩) এআইজি (ডেভেলপমেন্ট), পুলিশ হেডকোয়ার্টার্স

**সদস্য-সচিব**

(১৪) প্রকল্প পরিচালক, "দি প্রজেক্ট ফর এনহ্যান্সিং সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন কাপাবিলিটি অব বাংলাদেশ পুলিশ" শীর্ষক প্রকল্প

**কমিটির কার্যপরিধি ঃ**

প্রকল্পের কার্যক্রমে মনিটরিং করা।

**Project Implementation Committee (PIC) :**

**সভাপতি**

(১) এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, সিআইডি

**সদস্যবৃন্দ**

(২) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৩) এআইজি (ডেভেলপমেন্ট), পুলিশ হেডকোয়ার্টার্স
(৪) এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (প্রকল্প বিভাগ/স্বরাষ্ট্র), পিডব্লিউডি

(৫) প্রতিনিধি, প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন

(৬) প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

(৭) প্রতিনিধি, জেনারেল ইকোনোমিক ডিভিশন, পরিকল্পনা কমিশন

(৮) প্রতিনিধি, আইএমইডি, পরিকল্পনা কমিশন

(৯) প্রতিনিধি, ইআরডি (এশিয়া-২),

(১০) প্রতিনিধি, কোইকা, বাংলাদেশ অফিস

(১১) সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-১, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(১২) প্রকল্প পরিচালক, "দি প্রজেক্ট ফর এনহ্যান্সিং সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ক্যাপাবিলিটি অব বাংলাদেশ পুলিশ" শীর্ষক প্রকল্প

**কমিটির কার্যপরিধি ঃ**

প্রকল্পের কার্যক্রমে সমস্যার সমাধানে সুপারিশ/সিদ্ধান্ত গ্রহণ করা ।

**দেবাশিস কুমার দাস**
সহকারী প্রধান।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২।**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ শ্রাবণ ১৪২১/২২ জুলাই ২০১৪

**নং ৪৭.০৩২.০০৬.০৬১.০০৭.২০১২-৩৭২**—সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪(ক) ধারায় সরকারকে প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে ম্যাক্সিম ফাইন্যান্স এন্ড কমার্স মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ সংক্রান্ত সমবায় সমিতি আইনের ১৮(৭) ধারার বাধ্যবাধকতা হতে নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হ'ল।

শর্তাদি ঃ

(ক) বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা এর আদেশ নং-৪৭.৬১.০০০০.২০১.৩৩.৮৫৫.০৮.৯৯০, তারিখঃ ২৩-০৩-২০১৪ মূলে গঠিত ম্যাক্সিম ফাইন্যান্স এন্ড কমার্স মাল্টিপারপাস কো-অপারিটিভ সোসাইটি লিঃ এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ২৪-০৭-২০১৪ তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য কার্যকর থাকবে;

(খ) অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি এ বর্ধিত মেয়াদকালের মধ্যে ম্যাক্সিম ফাইন্যান্স এন্ড কমার্স মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর ক্ষতিগ্রস্ত আমানতকারীদের আমানতের অর্থ ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এ বর্ণিত নির্বাচন সংক্রান্ত বিধিমালা অনুসরণ পূর্বক নির্বাচন অনুষ্ঠিত করে নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মজিদ**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ, ২৪ জুলাই ২০১৪

**নং আর-৬/৭এন-০১/২০১৪-১১৫৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ তাজুল ইসলাম খাঁন, পিতা মোঃ রফিজ উদ্দিনি খাঁনকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপসচিব (প্রশাসন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৮ অক্টোবর ২০১৪

**নং বিচার-৭/২এন-১৭/২০১২-৫১৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবু বকর সিদ্দিক, পিতা মৃত আলিম উদ্দিন মন্ডল, গ্রাম চাংপাড়া, ডাকঘর ভেলুয়াবাজার, উপজেলা শ্রীবরদী, জেলা শেরপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ৭নং ভেলুয়া ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখ, ৩০ আশ্বিন ১৪২১/১৫ অক্টোবর ২০১৪

**নং ভূঃশা-২/আপত্তি-১৫/২০০৫-২৪৮**—১৯৯৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল নং | থানার নাম | জেলার নাম | খতিয়ান নং |
|---|---|---|---|---|---|
| (১) | শান্তিনগর | ০৩ | মতিঝিল | ঢাকা | ১২৫, ১৫৫, ২৩৭, ২৪৫=০৪টি |
| (২) | তেজগাঁও | ০৫ | তেজগাঁও | ঢাকা | ৩০৭৯,৩০৮০,৩০৮১,৩০৮২,৩০৮৩,৩০৮৪,৩০৮৫, ৩০৮৬,৩০৮৭,৩০৮৮,৩০৮৯,৩০৯০,৩০৯১,৩০৯২, ৩০৯৩,৩০৯৪=১৬টি |
| (৩) | ধানমন্ডি | ১১ | ধানমন্ডি | ঢাকা | ২৬=০১টি |
| (৪) | কাফরুল | ০৬ | ক্যান্টনমেন্ট | ঢাকা | ১১১, ৩১৩,৩৩০,৭৯৫,৮৮৬,১৯২৪,২৪৩৯,২৭৭৯ =০৮টি |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ৫ কার্তিক ১৪২১/২০ অক্টোবর ২০১৪

**নং ১প্র-২/ডি-৯/৯২/অংশ/৩৬১**—The Cantonments Act, 1924 (Act II of 1924)-এর Section 13A(1) এর বিধান অনুযায়ী সরকার নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পুনর্গঠন করলেন ঃ

**সভাপতি**

(১) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম, স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

**সদস্যবৃন্দ**

(২) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মুস্তাফিজুর রহমান, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।

(৩) ক্যাপ্টেন সৈয়দ আরিফুল ইসলাম (ট্যাজ) পিএসসি, বিএন অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।

(৪) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবির ভূঁইয়া, এএফডব্লিউ, পিএসসি (বিডি/৮৩০৬), জিডি(পি) অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।

(৫) লেঃ কর্ণেল এ বি এম মিজানুর রহমান, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।

(৬) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক, বাসা # ৪০৮/৮, রোড # ৭ (পশ্চিম), ডিওএইচএস, বারিধারা ঢাকা সেনানিবাস।

(৭) জনাব হেলাল উদ্দিন আহমেদ, বাসা # ১৯, রোড # ৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।

(৮) শাহে এলিদ মাইনুল আমিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৯) মোঃ রেজাউল ইসলাম, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারাহ শাম্মী**
উপসচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## পুলিশ শাখা-৩

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৭ কার্তিক ১৪২১/২২ অক্টোবর ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৯৬.০১.০০৪.১১-৫৭১**—১৮৯৮ খ্রিঃ ফৌজদারী কার্যবিধি (৫ নং আইন) এর ৪ উপ-ধারা-১(ধ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অধিকতর উন্নতি, দক্ষতার সাথে অপরাধ দমন, এজাহার গ্রহণ ও মামলা তদন্তের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে লক্ষ্মীপুর জেলার সদর থানাকে বিভক্ত করে গঠিত চন্দ্রগঞ্জ পুলিশ তদন্তকেন্দ্রকে নিম্নোক্ত তফসিলের ২নং কলামে বর্ণিত ইউনিয়নসমূহের সমন্বয়ে ৩নং কলামের মৌজাসমূহ নিয়ে চন্দ্রগঞ্জ থানা গঠন করলো ঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে এল নম্বর |
|---|---|---|---|
| (১) | ৭নং বশিকপুর ইউনিয়ন | বড় রশিদ পুর | ৪৯ |
| | | পশ্চিম শেরপুর | ৪৯ |
| | | বালাইশ পুর | ৫৪ |
| | | নন্দীগ্রাম | ৫০ |

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে এল নম্বর |
|---|---|---|---|
| | ৭নং বশিকপুর ইউনিয়ন | শিব রাম পুর | ৫১ |
| | | বিরাহিমপুর | ৫২ |
| | | ফতের্ধম পুর | ৫৩ |
| | | মদন পুর | ৯৯ |
| | | উশিয়ার কান্দি | ১০১ |
| | | খোদা অন্ধপুর | ১০২ |
| | | দূর্গা দাশ পুর | ১০৩ |
| | | রশিদপুর | ১০৪ |
| | | জুনুদ পুর | ১০৪ |
| | | শেরপুর | ১০৬ |
| | | সফিপুর | ৪৮ |
| | | রামনগর | ৪৮ |
| | | বদর পুর | ৪৮ |
| | | রোকন পুর | ৪৮ |
| | | কাশি পুর | ১০৮ |
| | | আলীম পুর | ৯৮ |
| | | শীর পুর | ৯৮ |
| | | বশিক পুর | ১০৫ |
| (২) | ৮ন দত্তপাড়া ইউনিয়ন | গংগা শীবপুর | ১০০ |
| | | বড়ালীয়া | ৯৭ |
| | | রামারখিল | ১১৬ |
| | | কড়ইতলা | ১১৭ |
| | | নরসিংহ পুর | ১১৮ |
| | | তোতার খিল | ১১৫ |
| | | বটতলী | ১৪০ |
| | | শ্রীরাম পুর | ১১৪ |
| | | পুনিয়া নগর | ২৩৭ |
| | | পশ্চিম আলাদাদপুর | ২৩৭ |
| | | উত্তর ধন্যপুর | ১৪৩ |
| | | সৈয়দপুর | ১১৩ |
| | | বড় পাড়া | ১০৯ |
| | | দত্তপাড়া | ১১১ |
| | | দর্জি পাড়া | ১১২ |
| | | লাল পুর | ১১০ |
| (৩) | ৯নং উত্তর জয়পুর ইউনিয়ন | চাঁদপুর | ১৫০ |
| | | মনোহরপুর | ১৮২ |
| | | দক্ষিণ চৌপল্লী | ১৬৪ |
| | | গনে শ্যামপুর | ১৫০ |
| | | দেবীদার/দেবী নগর | ১৫২ |
| | | রাজা রাম ঘোষ | ১৫২ |
| | | উত্তর মাগুরী | ১৫৪ |
| | | ভবানী দাশ | ১৫১ |
| | | কংশ নারায়ন | ১৫৫ |
| | | পূর্ব মাগুরী | ২৩৬ |
| | | দক্ষিণ মাগুরী | ১৪৭ |
| | | শাহাজাদী পুর | ১৪৬ |
| | | পশ্চিম চৌপল্লী | ১৬১ |
| | | চন্দ্র প্রভাবাগ | ১৮৪ |
| | | উত্তর জয় পুর | ১৫৭ |
| | ৯নং উত্তর জয়পুর ইউনিয়ন | প্রান ভগবতি | ১৫৮ |
| | | টেকরাজ বাহাদুর | ১৫৯ |
| | | জয় রাম পুর | ১৬৩ |
| | | গোলাপ পুর | ১৪৮ |
| | | রাম কৃষ্ণ পুর | ১৫৬ |
| | | বিনোদপুর | ১৮৬ |
| | | কালিদাসের বাগ | ১৮৬ |
| | | কাশারী | ১৬০ |
| | | মহেশ খালী | ১৬৫ |
| | | দাদ পুর | ১৮৩ |
| | | পাল পাড়া | ১৮৫ |
| (৪) | ১০নং চন্দ্রগঞ্জ ইউনিয়ন | পাঁচ পাড়া | ১৮৭ |
| | | দাউদপুর | ১৮৭ |
| | | পশ্চিম লতিফপুর | ১৮৯ |
| | | দেওপাড়া | ১৯০ |
| | | শেখপুর | ১৯১ |
| | | রামকৃষ্ণপুর | ১৯২ |
| | | আমানী লক্ষীপুর | ১৮৮ |
| | | ভৈরব নগর | ২৭৪ |
| | | বসুদুহিতা | ১৯৫ |
| | | রামচন্দ্রপুর | ১৯৬ |
| | | পূর্ব রাজাপুর | ১৯৬ |
| | | দক্ষিণ ধন্যপুর | ২০৩ |
| | | গনি পুর | ২০৪ |
| | | ধন্যপুর | ২০৪ |
| | | যাত্রাপুর | ২০৪ |
| | | বড়ইতলা | ২০৪ |
| | | ছোট রশিদপুর | ২৩৮ |
| | | চন্দ্রগঞ্জ | ১৯০ |
| (৫) | ১১নং হাজীরপাড়া ইউনিয়ন | দক্ষিণ কালিদাসের বাগ | ১৯০ |
| | | পূর্ব আলাদাদপুর | ১৪৪ |
| | | জগৎ পুর | ১৬৭ |
| | | যাত্রাপুর | ১৮১ |
| | | দাসিরপুর | ১৮১ |
| | | হাসনা পুর | ১৮১ |
| | | হরিহর চক্র | ১৬৯ |
| | | বরমপুর | ১৭১ |
| | | চর চামিতা | ১৭২ |
| | | রতনের খিল | ১৭৩ |
| | | দক্ষিণ চন্দ্রপুর | ১৭৪ |
| | | উত্তর চন্দ্রপুর | ১৭৫ |
| | | চর মোহাম্মদ পুর | ১৭৮ |
| | | বড়বল্লবপুর | ১৯৮ |
| | | দক্ষিণ লতিফপুর | ১৭৭ |
| | | হাজীর পাড়া | ১৬৭ |
| | | ইন্দ্রপুর | ১৯৪ |
| | | শিবপুর | ১৯৩ |
| | | নবী তাহের পুর | ১৬৬ |
| | | আলাদাদপুর | ১৬৬ |

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে এল নম্বর |
|---|---|---|---|
| | ১১নং হাজীরপাড়া ইউনিয়ন | মীরপুর | ১৬৮ |
| | | ইউসুফ পুর | ১৭৯ |
| | | মুসলিমাবাদ | ১৭৯ |
| (৬) | ১২নং চরশাহী ইউনিয়ন | হরিবল্লব পুর | ১৭৯ |
| | | নুরুল্যাপুর | ২০২ |
| | | চর শাহী | ২০৬ |
| | | পূর্ব জাফর পুর | ২০৭ |
| | | ছোট বল্লভপুর | ২০৫ |
| | | রহিম পুর | ২০৯ |
| | | পূর্ব শাহাপুর | ২০৮ |
| | | পূর্ব সৈয়দপুর | ২১৪ |
| | | তিতার কান্দি | ২১০ |
| | | রামপুর | ২১৩ |
| | | ইটা খোলা | ২১২ |
| | | জালিয়া কান্দি | ২১১ |
| | | গৌবিন্দপুর | ২২০ |
| | | জগন্নাথ পুর | ২২১ |
| | | দাসের হাট | ২২১ |
| (৭) | ১৩নং দিঘলী ইউনিয়ন | পশ্চিম লতিফপুর | ২২১ |
| | | দক্ষিণ জামালতলী | ১৩৬ |
| | | পূর্ব জামিরতলী | ১৩৫ |
| | | ফতেহপুর | ২০০ |
| | | দক্ষিণ রাজাপুর | ১৯৯ |
| | | ফতুল্লাপুর | ১৩৪ |
| | | দিঘলী | ১৩৩ |
| | | পশ্চিম জাফরপুর | ২১৬ |
| | | খাগুরীয়া | ২১৫ |
| | | সান কি ভাঙ্গা | ২১৭ |
| | | দক্ষিণ দূর্গাপুর | ১৩২ |
| | | নিশ্চিন্তপুর | ২০৬ |
| | | রমাপুর | ২১৮ |
| | | রাজাপুর | ২১৮ |
| | | গোপিয়ার খিল | ১৩৮ |
| | | অভিরামপুর | ১৩৮ |
| (৮) | ১৪নং মান্দারী ইউনিয়ন | যাদিয়া | ১২২ |
| | | জামালপুর | ১২২ |
| | | উত্তর দুর্গাপুর | ১২১ |
| | | মোহাম্মদ নগর | ১২৩ |
| | | মান্দারী | ১২৪ |
| | | রতনপুর | ১১৯ |
| | | মটবী | ১৩৯ |
| | | গন্ধব্যপুর | ১৩০ |
| | | মিয়াপুর | ১৩০ |
| | | সমাসপুর | ১২০ |
| | | গোপির খিল | ১২০ |
| (৯) | ১৮নং কুশাখালী ইউনিয়ন | ফরাসগঞ্জ | ২১৪ |
| | | কালিবৃত্তি | ২২৮ |
| | | ঝাউডগী | ২২৯ |
| | | নূর খাঁ | ২৩০ |

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে এল নম্বর |
|---|---|---|---|
| | ১৮নং কুশাখালী ইউনিয়ন | পূর্ব চর মটুয়া | ২২৬ |
| | | নলডগী | ২২৭ |
| | | পুকুর দিয়া | ২২৫ |
| | | মদনা | ২২৪ |
| | | কুশাখালী | ২১৬ |
| | | মিঠারখিল | ২২৩ |
| | | কল্যানপুর | ২২২ |
| | | কাঠালী | ২১৭ |
| | | ঘোড়ার বাগ | ২১৯ |
| | | ছিলাদী | ২০৭ |
| | | রুপাছড়া | ২০৭ |

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৯৬.০১১.০০৪.১-৫৭২/১**—১৮৯৮ খ্রিঃ ফৌজদারী কার্যবিধি (৫নং আইন) এর ৪ উপ-ধারা-১(ধ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অধিকতর উন্নতি, দক্ষতার সাথে অপরাধ দমন, এজাহার গ্রহণ ও মামলা তদন্তের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে লক্ষ্মীপুর জেলার সদর থানাকে বিভক্ত করে বিদ্যমান চন্দ্রগঞ্জ পুলিশ তদন্ত কেন্দ্রকে থানায় প্রতিষ্ঠা করায় নিম্নোক্ত তফসিলের ২নং কলামে বর্ণিত পৌরসভা/ইউনিয়নসমূহের সমন্বয়ে ৩নং কলামের মৌজাসমূহ নিয়ে লক্ষ্মীপুর সদর থানা পুর্নগঠন করলো ঃ

| ক্রমিক নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | মৌজার নাম | জেএল নম্বর |
|---|---|---|---|
| (১) | লক্ষ্মীপুর পৌরসভা | উত্তর মজুপুর/বাঞ্চানগর/ সাহাপুর (ওয়ার্ড নং-০১) | ৪নং বিট |
| | | বাঞ্চানগর (ওয়ার্ড নং ০২) | ৪নং বিট |
| | | বাঞ্চানগর/পশ্চিম লক্ষ্মীপুর (ওয়ার্ড নং ০৩) | ৪নং বিট |
| | | বাঞ্চানগর (ওয়ার্ড নং ০৪) | ৪ ও ৮ নং বিট |
| | | বাঞ্চানগর (ওয়ার্ড নং ০৫) | ১ ও ৮ নং বিট |
| | | বাঞ্চানগর (ওয়ার্ড নং ০৬) | ১ নং বিট |
| | | বাঞ্চানগর/লাহরকান্দি/সম-সেরাবাদ(ওয়ার্ড নং ০৭) | ২ ও ৫নং বিট |
| | | বাঞ্চানগর/সমসেরাবাদ (ওয়ার্ড নং ০৯) | ৫নং বিট |
| | | দক্ষিণ মজুপুর/লাহারকান্দি/ বাঞ্চানগর/ মজুপুর (ওয়ার্ড নং ১০) | ৭নং বিট |
| | | আটিয়াতলী/দক্ষিণ মজুপুর/ লাহারকান্দি (ওয়ার্ড নং ১১) | ৫ নং বিট |
| | | আবিরনগর/সমসেরাবাদ/ দক্ষিণ মজুপুর (ওয়ার্ড নং ১২) | ৫ নং বিট |
| (২) | ১নং উত্তর হামছাদী ইউনিয়ন | ছবিলপুর | ৩৩ |
| | | শ্যামগঞ্জ | ৩৪ |
| | | মির্জাপুর | ৩৫ |
| | | হাসন্দি | ৩৬ |
| | | বিজয়নগর | ৩৭ |

| ক্রমিক নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | মৌজার নাম | জেএল নম্বর |
|---|---|---|---|
| | ১নং উত্তর হামছাদী ইউনিয়ন | উত্তর হামছাদী | ৩৭ |
| | | কাফিলাতলী | ৩৭ |
| | | পাক বিজয় নগর | ৩৭ |
| | | মুক্তা রামপুর | ৩৭ |
| | | রামকৃষ্ণপুর | ৩৭ |
| | | খোয়াজপুর | ৩৭ |
| (৩) | ২নং দক্ষিণ হামছাদী ইউনিয়ন | আলীপুর | ৪৫ |
| | | দক্ষিণ হামছাদী | ২৫ |
| | | কুশল নগর | ৩৮ |
| | | গোফিনাথপুর | ৪২ |
| | | হাসনাবাদ | ৪২ |
| | | জাহানাবাদ | ৩৯ |
| | | হেতিমপুর | ৪০ |
| | | মোহাম্মদপুর | ৪০ |
| | | ইয়ারপুর | ৪১ |
| | | রামকৃষ্ণপুর | ৪৩ |
| | | নন্দনপুর | ৪৪ |
| | | গংগাপুর | ৪৪ |
| | | নন্দনপুর | ৪৪ |
| | | কওরানপুর | ৪৪ |
| | | কেরামতগঞ্জ | ৪৪ |
| (৪) | ৩নং দালাল বাজার ইউনিয়ন | পশ্চিম লক্ষ্মীপুর | ৬৪ |
| | | খন্দকারপুর | ০৬ |
| | | খিদিরপুর | ০৪ |
| | | মহাদেবপুর | ২৪ |
| (৫) | ৪নং চর রুহিতা ইউনিয়ন | চর মন্ডল | ০৫ |
| | | চর রুহিতা | ৬৫ |
| | | চর লামছি | ২৬৪ |
| | | পুরাতন চর রুহিতা | ২৬ |
| | | পুরাতন শাকচর | ২৬ |
| | | চর বালাম মারা | ২৬ |
| | | রসুলপুর | ২৬ |
| (৬) | ৫নং পার্বতী নগর ইউনিয়ন | রানীর হাট | ২৬ |
| | | মাছিম নগর | ৬০ |
| | | মতলবপুর | ৬১ |
| | | দিলশাদপুর | ৫৫ |
| | | ওয়াহিদপুর | ৫৭ |
| | | মকর ধবজা | ৫৮ |
| | | সোনাপুর | ৪৭ |
| | | কৃষ্ণপুর | ৪৭ |
| | | আলাদি নগর | ৪৭ |
| | | খিল বাইছা | ৪৭ |
| | | বাবু পুর | ৪৭ |
| | | গৈয়াবপুর | ৪৭ |
| | | কারাইতপুর | ৪৭ |
| | | বিষ্ণু নগর | ৪৭ |
| | | আহাম্মদপুর | ৪৭ |
| | | গৈরপুর | ৪৭ |

| ক্রমিক নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | মৌজার নাম | জেএল নম্বর |
|---|---|---|---|
| | ৫নং পার্বতী নগর ইউনিয়ন | কাজ্জালীপুর | ৪৭ |
| | | পার্বতী নগর | ৫৯ |
| | | অউগান পুর | ৫৯ |
| | | উত্তর কৃষ্ণপুর | ৫৯ |
| | | মধ্য মকর ধবজ | ৫৮ |
| (৭) | ৬নং ভাঙ্গা খাঁ ইউনিয়ন | রাজীবপুর | ২৬৫ |
| | | গৌরি নগর | ২৬৬ |
| | | হোগল ডহরী | ৯০ |
| | | অভির খিল | ৮৯ |
| | | অলিপুর | ৯১ |
| | | আমান উল্যা পুর | ৯২ |
| | | ভাঁঙ্গা খাঁ | ৯৩ |
| | | মহেশপুর | ৯৪ |
| | | নেয়ামত পুর | ৯৫ |
| | | মিরিক পুর | ৫৬ |
| | | রায়ের খিল | ৯৬ |
| | | জকসিন | ৯৬ |
| | | রাধাপুর | ৯৬ |
| | | সাহাপুর | ৯৬ |
| | | ধোলাকান্দি | ৯৬ |
| | | আদিলপুর | ৯৬ |
| | | মলিনগর | ৯৬ |
| (৮) | ১৫নং লাহারকান্দি ইউনিয়ন | মজু পুর | ৭৬ |
| | | লাহার কান্দি | ৭৭ |
| | | সফিপুর | ৭৮ |
| | | আটিয়াতলী | ৮৮ |
| | | চাঁদখালী | ৮৭ |
| | | আবির নগর | ৭৪ |
| | | হাবিবপুর | ৭৩ |
| | | কুমেদপুর | ৭২ |
| | | পশ্চিম সৈয়দপুর | ৮০ |
| | | রামানন্দী | ৮৬ |
| | | কুতবপুর | ৮৫ |
| | | খাজুরতলী | ১২৫ |
| | | ইদিলপুর | ১২৬ |
| | | তালহাট | ৭৯ |
| | | এনায়েতপুর | ৭৯ |
| | | বাইশ মারা | ৭৯ |
| (৯) | ১৬ নং শাকচর ইউনিয়ন | দহশালা শাকচর | ২৫৫ |
| | | দহশালা শাকচর | ২৫৫ |
| | | শাকচর | ২৫৫ |
| | | শাকচর | ২৫৫ |
| | | শাকচর | ২৫৫ |
| | | দহশালা টুমচর | ২৬০ |
| | | দহশালা টুমচর | ২৬০ |
| | | শাকচর | ২৬০ |
| | | শাকচর | ২৬০ |

| ক্রমিক নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | মৌজার নাম | জেএল নম্বর |
|---|---|---|---|
| (১০) | ১৭নং ভবানীগঞ্জ ইউনিয়ন | ভবানীগঞ্জ/কালামপুর | ১০০ |
| | | চরভূতা (উত্তর অংশ) | ১০০ |
| | | চরভূতা (দক্ষিণ অংশ) | ১০০ |
| | | পশ্চিম চরভূতা | ২১১ |
| | | পশ্চিম চরমনসা | ২১১ |
| | | আলীপুর/শরীফপুর | ৮২ |
| | | আবদুল্যাপুর | ৮১ |
| | | পিয়ারাপুর | ৭১ |
| (১১) | ১৯নং তেয়ারীগঞ্জ ইউনিয়ন | ধর্মপুর (পশ্চিমাংশ) | ৮৪ |
| | | ধর্মপুর (পূর্বাংশ) | ৮৪ |
| | | বিনোদধর্মপুর | ১২৭ |
| | | হোসেনপুর | ২০৯ |
| | | শহরকসবা | ২০৮ |
| | | পুর্ব চরমনসা | ২১১ |
| | | চরমটুয়া/আধার মানিক | ২১৫ |
| | | পূর্ব চরমনসা (দক্ষিণ অংশ) | ২১১ |
| | | পূর্ব চরউভূতি | ২১১ |
| (১২) | ২০নং চর রমনী মোহন ইউনিয়ন | উত্তর চররমনী মোহন/ চরমেঘা (উঃ অংশ) | ৯৮ |
| | | উত্তর চররমনী মোহন/ চরমেঘা (পূর্ব ও মধ্য অংশ) | ৯৮ |
| | | উত্তর চররমনী মোহন/ চরমেঘা (মধ্য দক্ষিণ) | ৯৮ |
| | | উত্তর চররমনী মোহন/ চরমেঘা (পূর্ব দক্ষিণ) | ৯৮ |

| ক্রমিক নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | মৌজার নাম | জেএল নম্বর |
|---|---|---|---|
| | ২০নং চর রমনী মোহন ইউনিয়ন | চর আলী হাসান/ মধ্য চররমনী মোহন | ৯৮ |
| | | চর আলী হাসান/মধ্য চররমনী মোহন | ৯৮ |
| | | চর আলী হাসান/ মধ্য চররমনী মোহন | ৯৮ |
| | | পূর্ব চররমনী মোহন/পশ্চিম চররমনী মোহন | ৯৮ |
| | | চররমনী মোহন/পশ্চিম পূর্ব চররমনী মোহন/চরভেবারিজ | ৯৮ |
| (১৩) | ২১নং টুমচর ইউনিয়ন | উত্তর চুমচর | ২৬০ |
| | | পশ্চিম টুমচর | ২৬০ |
| | | উত্তর টুমচর | ২৬০ |
| | | পূর্ব টুমচর | ২৬০ |
| | | দক্ষিণ টুমচর | ২৬০ |
| | | মধ্য টুমচর | ২৬০ |
| | | জগৎবেড়/কালিরচর | ২৫৭ |
| | | মধ্য কালিরচর | ২৫৮ |
| | | পূর্ব কালির চর | ২৫৮ |

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নূর-এ-মাহবুবা জয়া**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ ফেব্রুয়ারি ২০১৪

**নং স্থাসবি/পাস-১/পদ-৬/২০০৫-৯৭**—অর্থ বিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১৬২.৪৬.০০৭.১৩-১৪, তারিখ ২২ জানুয়ারি, ২০১৪ খ্রিঃ মূলে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কেন্দ্রীয় ল্যাবরেটরী এবং আঞ্চলিক পরীক্ষাগারে বিদ্যমান সিনিয়র রসায়নবিদ পদের বেতনস্কেল নিম্নরূপে পুনঃ নির্ধারণের মঞ্জুরী জ্ঞাপন করা হ'ল ঃ

| ক্রমিক নং | পদের নাম ও পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক পূর্বে নির্ধারিত বেতনস্কেল/২০০৯ | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল/২০০৯ | অর্থ বিভাগ কর্তৃক পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল/২০০৯ | সংশোধিত খসড়া নিয়োগবিধি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | সিনিয়র রসায়নবিদ ১২(বার) টি | টাঃ ১৮৫০০-২৯৭০০ (৬নং স্কেল) | টাঃ ২২২৫০-৩১২৫০ (৫নং স্কেল) | টাঃ ২২২৫০-৩১২৫০ (৫নং স্কেল) | **(a) For promotion:** At Least 10(ten) years Service in As Junior Chemist<br>**(b) For direct recruitment:** 1st Class Master's degree or 2nd class Master's degree with 2nd class Hons; in organic/ In organic/Applied Chemistry with 10 years working experience including 5(Five) years experience in the Laboratory. |

**শর্তাবলী ঃ**

(ক) ০৪ নং কলামে পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল ০৫ নং কলামের বর্ণিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার শর্তানুযায়ী কার্যকর হবে।

(খ) কলাম ৫ এর শর্ত নিয়োগবিধিতে সন্নিবেশ করতঃ চূড়ান্ত নিয়োগবিধি প্রণয়ন করতে হবে।

(গ) পুনঃনির্ধারণকৃত বেতনস্কেলে বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত আদেশ জারীর পূর্বে কোনরূপ বকেয়া আর্থিক সুবিধাদি প্রদেয় হবে না।

(ঘ) এ বিষয়ে বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**মোঃ খাইরুল ইসলাম**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৫ সেপ্টেম্বর ২০১৪

নং **বিচার-৭/২এন-৭০/২০১৩-৪৫৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব উৎপল কুমার চক্রবর্তী, পিতা মৃত নিধীর কুমার চক্রবর্তী, মাতা জোস্‌না চক্রবর্তী, বিশ্বাস বেতকা, ডাকঘর টাংগাইল, উপজেলা ও জেলা টাংগাইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাংগাইল জেলার সদর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগ লাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**মুহাম্মদ লুৎফুল মজীদ নয়ন**
সিনিয়র সহকারী সচিব (ভারপ্রাপ্ত)।